# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৪৮২

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম তার বিশুদ্ধতা প্রমাণে তৃতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَالِثٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

3482 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ مُصْعَبٍ قَالَ: حَدَّثَنَا أَبُو سَعِيدٍ الْأَشَجُّ قَالَ: حَدَّثَنَا أَسْبَاطٌ عَنْ مُطَرِّفٍ عَنِ الشَّعْبِيِّ عَنْ مَسْرُوقٍ عَنْ عَائِشَةَ قَالَتْ: إِنْ كَانَ النَّبِيُّ صلى الله عليه وسلم لَيَبِيتُ جُنُباً فَيَأْتِيهِ بِلَالٌ فَيُؤْذِنُهُ بِالصَّلَاةِ فيقومُ فيغتسلُ فرأيتُ تَحَدُّرَ الْمَاءِ مِنْ شَعْرِهِ ثُمَّ يَظَلُّ يَوْمَهُ صَائِمًا
قَالَ مُطَرِّفٌ: قُلْتُ لِلشَّعْبِيِّ فِي شَهْرِ رَمَضَانَ؟ قَالَ: شَهْرُ رمضان وغيره سواء
الراوي : عائشة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3482 | خلاصة حكم المحدث: صحيح الإسناد.

বাংলা

৩৪৮২. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জুনুবী অবস্থায় ভোর করতেন। তারপর বিলাল রাদ্বিয়াল্লাহু আনহু সালাত সম্পর্কে অবহিত করার জন্য তাঁর কাছে আসতেন। তারপর তিনি দাঁড়াতেন অতঃপর গোসল করতেন। আমি দেখতাম তাঁর চুল থেকে পানি গড়ে পড়তো। তারপর তিনি সিয়াম অব্যাহত রাখতেন।”

মুতার্রিফ রহিমাহুল্লাহ বলেন, “তখন আমি ইমাম শা‘বী রহিমাহুল্লাহকে বললাম, “এটা কি রমযান মাসে?” জবাবে তিনি বলেন, “রমযান ও অন্য মাস একই।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৮০; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ১২/৩১৪; ইবনু

মাজাহ: ১৭০৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৩৪৮১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92816

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন